ডিজিটাল বাংলাদেশের স্বপ্নকে বাস্তবতায় রূপ দিতে বাংলাদেশ সরকার নিয়েছে যুগান্তকারী সব পদক্ষেপ। দেশের তৃণমূল পর্যায়ে প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে সরকারি সেবা পৌঁছে দেবার অভিপ্রায়ে দেশের ৪৫৫০টি ইউনিয়ন পরিষদে স্থাপন করা হয়েছে ইউনিয়ন ডিজিটাল সেন্টার। তৈরি করা হয়েছে বিশ্বের অন্যতম বিশাল ন্যাশনাল ওয়েব পোর্টাল। কেন্দ্রীয় পর্যায় থেকে শুরু করে ইউনিয়ন পর্যায় পর্যন্ত এ পোর্টালের সংখ্যা প্রায় ২৫০০০। দেশের সবক'টি উপজেলাকে আনা হয়েছে ইন্টারনেটের আওতায়। টেলিযোগাযোগের ক্ষেত্রে নেওয়া বিভিন্ন পদক্ষেপের কারণে বর্তমানে বাংলাদেশে মোবাইল গ্রাহকের সংখ্যা ১২ কোটি ৩৭লক্ষ (১) এবং ইন্টারনেট গ্রাহকের সংখ্যা ৪ কোটি ৪৬ লক্ষে (২) উন্নীত হয়েছে। সেবা প্রদান প্রক্রিয়া সহজ ও স্বচ্ছ করতে চালু করা হয়েছে ই-পেমেন্ট ও মোবাইল ব্যাংকিং। সরকারি ক্রয় প্রক্রিয়া অনলাইনে সম্পাদন করার বিষয়টিকে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়া হয়েছে। ৩-জি প্রযুক্তির মোবাইল নেটওয়ার্কের বাণিজ্যিক কার্যক্রম শুরু করা হয়েছে।

বর্তমান সরকারের গৃহীত কয়েকটি প্রকল্প:

১। মেট্রোরেল
২। এলিভেটেড এক্সপ্রেসওয়ে
৩। কর্ণফুলী টানেল
৪। পায়রা সমুদ্রবন্দর ও বিদ্যুৎ কেন্দ্র
৫। মহেশখালী এলএনজি টার্মিনাল
৬। মাতারবাড়ি বিদ্যুৎ কেন্দ্র
৭। রামপাল বিদ্যুৎ কেন্দ্র
৮। রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র
৯। ১০০টি অর্থনৈতিক অঞ্চল স্থাপন
১০। হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের তৃতীয় টার্মিনাল স্থাপন।

শেখ হাসিনা: ৪২ বছরের রাজনৈতিক জীবনে যত প্রাপ্তি



ডাঃ মোঃ সোহেল রানা
সাব-রেজিস্ট্রার
রাজৈর, মাদারীপুর



প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৭৭ বছরে পদার্পণ করলেন। ১৯৮১ সালে আওয়ামী লীগের সভানেত্রীর পদ পাওয়ার মধ্য দিয়ে ৪২ বছরের দীর্ঘ রাজনৈতিক জীবন অতিবাহিত করছেন।

দীর্ঘ এ রাজনৈতিক জীবনে অসাধারণ অবদান রাখায় অর্জন করেছেন দেশি-বিদেশি অর্ধশত পদক ও সম্মাননা। সত্তরের দশকের 'তলাবিহীন ঝুড়ি' উপাধি পাওয়া বাংলাদেশকে অর্থনৈতিক উন্নয়নের রোল মডেলের অর্জন এসেছে উনার হাত ধরে। ১৯৯৬ সালে প্রথমবার প্রধানমন্ত্রী নির্বাচিত হন তিনি।

খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা এবং অবকাঠামো নির্মাণে চমক লাগিয়ে বিশ্বে বাংলাদেশ এখন 'ইমার্জিং টাইগার'। তবে আন্তর্জাতিক মহলের বাড়তি মনোযোগে আসেন ১৯৯৮ সালে। সে বছর পার্বত্য চট্টগ্রামে বিদ্রোহীদের সঙ্গে আলোচনার মাধ্যমে দীর্ঘ দুই দশকের অস্থিরতার অবসান ঘটিয়ে শান্তি ফিরিয়ে আনার জন্য ইউনেস্কো প্রধানমন্ত্রীকে 'হুপে-বোয়ানি' শান্তি পুরস্কারে ভূষিত করে। এরপর একে একে পেয়েছেন ৪০টিরও বেশি পদক।

সর্বশেষ গুরুত্বপূর্ণ পদকের মধ্যে রয়েছে ২১ সেপ্টেম্বর ২০২১ সালে করোনা মোকাবিলায় বৈশ্বিক সাফল্য দেখিয়ে 'ভ্যাকসিন হিরো' পদক প্রাপ্তি। জাতিসংঘের সাসটেইনেবল ডেভেলপমেন্ট সলিউশনস নেটওয়ার্ক (এসডিএসএন) তাকে এই পুরস্কার দেয়।

প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ১৯৯৭ সালে যুক্তরাজ্যের অ্যালবার্টা ডান্ডি বিশ্ববিদ্যালয় সম্মানসূচক ডক্টর অব লিবারেল আর্টস, যুক্তরাষ্ট্রের বোস্টন বিশ্ববিদ্যালয় ও জাপানের ওয়াসেদা বিশ্ববিদ্যালয় উনাকে সম্মানসূচক 'ডক্টর অব ল' দেয়।

১৯৯৯ সালে ভারতের বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় উনাকে দেসিকোত্তামা ডিগ্রি এবং অস্ট্রেলিয়ার জাতীয় বিশ্ববিদ্যালয় সম্মানসূচক ডক্টর অব 'ল' ডিগ্রি দেয়।

২০০৫ সালে রাশিয়ার পিপলস ফ্রেন্ডশিপ বিশ্ববিদ্যালয়ও বাংলাদেশের প্রধানমন্ত্রীকে সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি দেয়। ১৯৯৯ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় উনাকে সম্মানসূচক 'ডক্টর অব ল' ডিগ্রি দেয়। ২০০০ সালে ক্যাথলিক ইউনিভার্সিটি অব ব্রাসেলস তাকে অনন্য এই সম্মাননা দেয়।

যুক্তরাষ্ট্রের কর্নেল ইউনিভার্সিটি ২০১৪ সালের সেপ্টেম্বর মাসে উনাকে একটি সনদ দেয়। সবমিলিয়ে বিভিন্ন বিশ্ববিদ্যালয় তাকে নয়টি সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি দিয়েছে।

এ ছাড়া নেতাজী স্মৃতি পুরস্কার (১৯৯৭), পার্ল এস বাক অ্যাওয়ার্ড (১৯৯৯), সিইআরইএস পদক, মাদার তেরেসা পদক, এমকে গান্ধী পদক, ইন্দিরা গান্ধী শান্তি পুরস্কার (২০০৯), ইন্দিরা গান্ধী স্বর্ণ পদক, হেড অব স্টেট পদক ও গ্লোবাল ডাইভারসিটি অ্যাওয়ার্ড (২০১১, ২০১২) পেয়েছেন শেখ হাসিনা।

২০১০ সালে দ্বিতীয় বার প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ার পরে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যসমূহ (এমডিজি) অর্জনে বিশেষ করে শিশু মৃত্যুর হার কমানোর ক্ষেত্রে অবদানের জন্য জাতিসংঘের অ্যাওয়ার্ড পান।

২০১৫ সালে জাতিসংঘের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অর্জনে আইসিটির ব্যবহারে প্রচারণার জন্য উনাকে 'আইসিটি সাসটেইনেবল ডেভেলপমেন্ট অ্যাওয়ার্ড' দেওয়া হয়। দেশের উন্নয়নে অব্যাহত অবদানের স্বীকৃতি হিসেবে তিনি এ পদক পান।

উইমেন ইন পার্লামেন্ট (ডব্লিউআইপি) ও ইউনেস্কো বাংলাদেশের প্রধানমন্ত্রীকে 'ডব্লিউআইপি গ্লোবাল ফোরাম অ্যাওয়ার্ড' দেয়। ২০১৯ সালের মার্চ মাসে দক্ষিণ ও দক্ষিণ-পূর্ব এশিয়ায় রাজনৈতিক অঙ্গনে লিঙ্গ বৈষম্য কমানোর ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালনের জন্য তাকে এ পদক দেওয়া হয়।

এ ছাড়া, নারী শিক্ষা প্রসারের জন্য ২০১৪ সালের সেপ্টেম্বর মাসে উনাকে 'ট্রি অব পিস' পুরস্কার দেওয়া হয়। প্রধানমন্ত্রী ২০১১ ও ২০১৩ সালে দুবার সাউথ-সাউথ অ্যাওয়ার্ড পান। স্বাস্থ্য খাতে তথ্য প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে শিশু ও মাতৃমৃত্যুর হার কমানো এবং ক্ষুধা ও দারিদ্র্যের বিরুদ্ধে লড়াইয়ে বিশেষ অবদান রাখার জন্য তাকে দুবার এ সম্মাননা দেওয়া হয়।

২০১৫ সালে তিনি পরিবেশ বিষয়ক সর্বোচ্চ বৈশ্বিক পুরস্কার 'চ্যাম্পিয়নস অব দ্য আর্থ' পুরস্কার পান। বাংলাদেশে জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলায় দূরদর্শী পদক্ষেপ নেওয়ায় তাকে সেই স্বীকৃতি দেওয়া হয়।

২০১৬ সালে উনাকে 'এজেন্ট অব চেঞ্জ' পুরস্কার ও 'প্ল্যানেট ৫০-৫০ চ্যাম্পিয়ন' পুরস্কার দেওয়া হয়। নারীর ক্ষমতায়নে অসামান্য অবদান রাখার জন্য তাকে এ পুরস্কার দেওয়া হয়।

ওই বছরই নিউইয়র্কে জাতিসংঘ সদরদপ্তরে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে ইউএন উইমেন প্রধানমন্ত্রীকে 'প্ল্যানেট ৫০-৫০ চ্যাম্পিয়ন' পুরস্কার এবং গ্লোবাল পার্টনারশিপ ফোরাম তাকে 'এজেন্ট অব চেঞ্জ' পুরস্কার দেয়।


২০১৯ সালের মার্চে আন্তর্জাতিক নারী দিবস উপলক্ষে প্রধানমন্ত্রীকে 'লাইফটাইম কন্ট্রিবিউশন ফর উইমেন এমপাওয়ারমেন্ট অ্যাওয়ার্ড'-এ ভূষিত করে ইনস্টিটিউট অব সাউথ এশিয়ান উইমেন।

রোহিঙ্গা ইস্যুতে দূরদর্শী নেতৃত্ব এবং রোহিঙ্গাদের আশ্রয় দেওয়া দায়িত্বশীল নীতি ও তার মানবিকতার জন্য প্রধানমন্ত্রী 'আইপিএস ইন্টারন্যাশনাল অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড' এবং ২০১৮ সালে 'স্পেশাল ডিস্টিংশন অ্যাওয়ার্ড ফর লিডারশিপ' নেন।

বিশ্বের অন্যতম শীর্ষস্থানীয় নিউজ এজেন্সি 'দ্য ইন্টার প্রেস সার্ভিস (আইপিএস) এবং নিউইয়র্ক, জুরিখ ও হংকং ভিত্তিক তিনটি অলাভজনক ফাউন্ডেশনের নেটওয়ার্ক গ্লোবাল হোপ কোয়ালিশন ২০১৮ সালের ২৮ সেপ্টেম্বর প্রধানমন্ত্রীকে দুটি অ্যাওয়ার্ডে ভূষিত করে।

১৮ সালের ২৭ এপ্রিল বাংলাদেশে নারী শিক্ষা ও উদ্যোক্তা তৈরিতে অসামান্য নেতৃত্বদানের জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা 'গ্লোবাল উইমেনস লিডারশিপ অ্যাওয়ার্ড' পান।

নিবন্ধন অধিদপ্তর - প্রাপ্তি ও প্রত্যাশা



পারভেজ খান
সাব-রেজিস্ট্রার
মঠবাড়িয়া, পিরোজপুর



ভারতীয় উপমহাদেশের বৈচিত্র দেখে গ্রীক মহাবীর আলেকজান্ডারের অনুভূতি কবি দ্বিজেন্দ্রলাল এভাবেই ব্যক্ত করেছিলেন-

"সত্যিই সেলুকাস, কি বিচিত্র এই দেশ!"

এই বিচিত্র পৃথিবীর সেলুকাসের ন্যায় ভূমি দখল ছিল সত্যি সেলুকাসময়। আমরা 'Pirates Of Caribbean' মুভিতে দেখেছি ব্রিটিশরা কোন এক দ্বীপপুঞ্জে গিয়ে হুমড়ি খেয়ে কোন রকমে পতাকা পুতে বলতো-

"ইহা আমাদের"।

তখনকার দিনে ভূমি দখল ছিল কিছুটা ওই রকমই। কালের বিবর্তনে সভ্যতা বৃদ্ধির সঙ্গে সঙ্গে ভূমির ভোগ দখল তথা ভূমির বৈধভাবে মালিকানা লাভের উপায় উদ্ভাবন অবশ্যম্ভাব্য হয়ে উঠে। এরই ধারাবাহিকতায় যে সনদটির উদ্ভব হয় তার নাম দলিল।

দলিল প্রণয়নের মূল উদ্দেশ্য ছিল বেআইনিভাবে ভূমির দখল বন্ধ করা, সরকারি সম্পত্তির যথাযথ ব্যবহার, অর্থাৎ ভূমির বৈধ ভোগ দখল নিশ্চিত করা। আর দলিল যথাযথভাবে প্রণয়ন, ভুলভ্রান্তি দূরীকরণের জন্য অত্যাবশ্যকীয়ভাবে উদ্ভব হয় একটি বিভাগ, যার নাম নিবন্ধন অধিদপ্তর, মা আর মাটি নিয়েই গুরুত্বপূর্ণ এই বিভাগের কাজ, যা বাংলাদেশের সংবিধানের ৪২ অনুচ্ছেদের মৌলিক অধিকার পূরণে কাজ করে যাচ্ছে।

বাণিজ্য বিভাগের ছাত্র হিসেবে পড়েছিলাম Boston's Matrix Model (Early 1970s), যার অন্যতম একটি উপাদান ছিল "Cash Cow" নামের একটি term, যার অর্থ ছিল মিনিমাম ইনভেস্টমেন্ট হতে সর্বোচ্চ রিটার্ন। উদাহরণ হিসেবে বলা যায় এমন একটি গরুর কথা, যার পিছনে সর্বনিম্ন খরচ করে সর্বোচ্চ দুধ ও মাংস প্রাপ্তি। ঠিক তেমনি 'Cash Cow' টার্মের মতই প্রায় ২০০ বছরের মহাপুরনো এই রেজিস্ট্রেশন অধিদপ্তর (অধিদপ্তরে পরিণত ২০১৮ সালে, যদিও অধিদপ্তর এর প্রকৃত বাস্তবায়ন ব্যাপক মনে হচ্ছে কি না তা আমার মত নিরেট বুদ্ধিহীন লোকের পক্ষে জানা কমই সম্ভব) দেশের আর্থিক রেভিনিউ খাতে NBR বহির্ভূত প্রতিষ্ঠানের মধ্যে ২য় সর্বোচ্চ প্রতিষ্ঠান হিসেবে Consistently আয় করে সরকারের হাতকে শক্তিশালী করে যাচ্ছে। এক্ষেত্রে যদিও রেজিস্ট্রেশন ফি ২% হতে ১% ও স্ট্যাম্প ফি ৩% হতে ১.৫% অর্থাৎ পূর্বের তুলনায় অর্ধেক কমানো হয়েছে। তারপরেও আপনারা জেনে থাকবেন যে Cash Cow -এর ধারণার মতই সরকারের সবচেয়ে কম বরাদ্দপ্রাপ্ত বিভাগের মধ্যে এই নিবন্ধন অধিদপ্তর অন্যতম।

এই অধিদপ্তরের গত কয়েক বছরের আয়ের সারণী তুলে ধরা হলো:

অর্থবছর	মোট রাজস্ব আয় (কোটি টাকা)	মোট ব্যয়
২০২০-২১	প্রায় ১২৩০০	১৫৬ কোটি টাকা (৬ মাস)*
২০২১-২২	১১৬০২ কোটি টাকা	পাওয়া যায়নি
২০২২-২৩	প্রায় ১৫২০০ কোটি টাকা	পাওয়া যায়নি

জাপানের একটা বিখ্যাত প্রবাদ আছে যা নিম্নরূপ -

Todai moto kurashi, যা ইংরেজিতে হবে
At the foot of the lamppost, it's dark."

এই বিখ্যাত প্রবাদটির মতই আমাদের এই নিবন্ধন অধিদপ্তরের একটু যোগসূত্র আছে। যে ডিপার্টমেন্ট মূলত সেবা প্রদানকারী প্রতিষ্ঠান হয়েও এত এত আয়কারক বিভাগ হিসেবে কাজ করছে, জনগণের অন্যতম মৌলিক অধিকার মা-মাটি নিয়ে কাজ করে সবার ভূমির মালিকানা নিশ্চিতে কাজ করছে , সেই বিভাগেরই নিজেদের নিজস্ব ভবন নাই। আবার চাকরিতে যোগদানের পরেই কোন এক সিনিয়র সহকর্মী আফসোস করে নাকি বলছিলেন-

"Anyone once is appointed as Sub Registrar, ended as Sub Registrar."

BPTAC তে ক্যারিয়ার ডেভলপমেন্ট ক্লাসে স্যার যখন আমাদের সম্ভাব্য পদোন্নতি, রিওয়ার্ড, স্বীকৃতি, কিংবা ডিজিটাল ইনোভেশন এর কথা জিজ্ঞেস করে যে উত্তর তিনি পেলেন ও তাহার অভিব্যক্তি ছিল অনেকটা বঙ্কিচন্দ্রের কমলাকান্ত উপন্যাসের নায়ক নবকুমার এর ন্যায়, যা নিম্নরূপ:

" আহা! কি দেখলাম (পড়ুন শুনিলাম), তা জন্ম জন্মান্তরেও ভুলিব না।"

অবশ্য উত্তরদাতাদের অভিব্যাক্তি কেমন ছিল তা খেয়াল করা হয়নি। তারপর বরাদ্দের অপ্রতুলতা, নিজ বিভাগের বাইরে পোস্টিং -এর কথা উঠলে উত্তরটা ছিল কোন এক বিখ্যাত লেখকের সেই উক্তি: "When the going gets tough, The tough gets going." এই কথা শুনে সাথে সাথেই মনে পর্দায় ভেসে উঠলো সেই উক্তি:

"তুই এসে দেখে যা নিখিলেশ, আমি কি রকম বেঁচে আছি, এই কি জন্ম মানুষ তবে"।
"শরীর রয়েছে, তবু মরে গেছে আমাদের মন,
হেমন্ত আসেনি মাঠে, হলুদ পাতায় ভরে গেছে হৃদয়ের বন"।
"প্রকৃতিতে সুর উঠেছে, ফাগুন এলো দ্বারে;
বরতে হবে বসন্তরে রাঙা পুষ্প হারে"।

হেমন্ত'র পরে মাঘ মাসে বসন্তের আগমনকে স্বাগত জানাতে কবির এ উক্তির মত রেজিস্ট্রেশন ডিপার্টমেন্টে সকল বাধা পেড়িয়ে আজ বসন্ত দিগন্ত রেখায় অবলোকিত হচ্ছে। ২০১৮ সালে পরিদপ্তর থেকে অধিদপ্তরে রূপান্তরিত হয়েছে এই বিভাগ, প্রায় ২০০ বছরের পুরনো এই দপ্তরে প্রথমবারের মতো Comprehensive ভাবে পূর্ণাঙ্গ নিয়োগ বিধিমালা প্রণীত হতে যাচ্ছে, প্রায় ১৫-২০ টা এর মোট Officer Level এ পদ বাড়বে বলে (বাড়বে অন্যান্য পদও) আশা করা হচ্ছে যদিও সচিব মহোদয় আমাদেরকে আশ্বস্ত করেছেন ভবিষ্যতে আরো পদ বৃদ্ধির উদ্যোগ নিবেন।


তবে তীব্র ঝড়ের ও শৈত্য প্রবাহের পর প্রথমবার যখন সূর্য মামা উঁকি দিলে সোনালী চকচকে ও ঝলমলে রোদ প্রত্যক্ষ করা হয়, তেমনি সচিব মহোদয় যখন বললেন আগামী অর্থবছরই আমাদের স্বপ্নের প্রজেক্ট ই রেজিস্ট্রেশন (বর্তমানে পাইলট প্রজেক্ট) পুরোপুরি বাস্তবায়নের দিকে ধাবিত হবে, তখন প্রথমবার মনে হচ্ছিল নিচের কথাই-

"আজি হাম সে রুঠ কার কাহা যাইয়েগা, যাহা যাইয়েগা হামে পাইয়েগা"।

এই প্রকল্প পুরোপুরি বাস্তবায়িত হলে আমাদের সেবা প্রদানের কোয়ালিটি যেমন বাড়বে, তেমনি রেকর্ড পত্রাদি সংরক্ষণ সহজ উত্তর হবে ও সর্বোপরি জনগণের ভোগান্তি আরো মিনিমাম পর্যায়ে নেমে আসবে বলে দৃঢ় বিশ্বাস সকলের।

"তোরা সব জয়ধ্বনি কর
তোরা সব জ য়ধ্বনি কর
ওই নতুনের কেতন ওড়ে, ওরে কালবৈশাখীর ঝড়।
তোরা সব জয়ধ্বনি কর"।
কবি কাজী নজরুল ইসলামের এই উক্তির মতোই আমাদের অধিদপ্তরে এখন প্রায় ৬০ থেকে ৬৫ পার্সেন্ট নবীন অফিসার। বিভিন্ন প্রথিতযশা বিশ্ববিদ্যালয়ের মেধাবী ছাত্র ছাত্রীরা এই সার্ভিসে যোগদান করেছেন। এখন তারা দেশের বিভিন্ন প্রত্যন্ত অঞ্চলে কাজ করছেন বেশ সুনামের সাথে। তাই অচিরেই হতাশার কালো মেঘ দূর হয়ে এই ডিপার্টমেন্ট সেবা প্রদানের ক্ষেত্রে প্রথম সারির সরকারি দপ্তর হিসেবে আবির্ভূত হবেই বলে বিশ্বাস।

শোকজ উৎসব



মোহাম্মদ তানভীর আলম
সাব-রেজিস্ট্রার
গোসাইরহাট, শরিয়তপুর



সকাল বিকেল পিটি-প্যারেড, দৌড়-ঝাঁপ, ক্লাস-এসাইনমেন্ট করিয়া এমনিতেই আরিফ সাহেবের জীবন হাঁপাইয়া উঠিয়াছে; তাহার উপর আবার এখন নূতন করিয়া যুক্ত হইয়াছে শোকজ আকংক। বেখেয়াল ডানে বামে ফিরিলেই হাতে ধরাইয়া দেওয়া হইতেছে একখানা পাতলা কাগজ। শুধু তাহাই নহে, এইরূপ কাগজ গোটা তিনেক পাইলেই নাকি চাকুরি লইয়া টানাটানি শুরু হইয়া যাইবে। এইতো গতদিন, আল্লাহর এক মাসুম বান্দাকে এইরকম একখান কাগজ ধরাইয়া দিয়া গেল ক্লাসে তিন মিনিট দেরি কইরা আসিবার কারণে। যদিও পূর্বেই সতর্ক করা হইয়াছিলো যে, এইখানে ৮ ঘটিকা মানে ৭ টা বাজিয়া ৫৫ মিনিট; উনি উহা গায়ে মাখেন নাই। কাগজ পাওয়া মাত্রই তিনি সোজা হইয়া গিয়া জাপানিজ টাইমে চলাফেরা শুরু করিয়া দিলেন। আরেক লোকের কলারটা সামান্য উঁচু হইয়াছিল বলিয়া অনুরূপ একখান কাগজ পাইলেন। মূলত, ইহার পর হইতেই জনমনে তীব্র আতংক ও ভীতির সঞ্চার হইলো এবং সকলেই অনুধাবন করিতে পারিলো যে, বিপিএটিসি কোনো সহজ জায়গা নহে এবং পান হইতে চুন খসিলেই এইখানে দণ্ড ভোগ করিতে হইতে পারে।



সকালে নাস্তার পরের সেশনে চোখ খুলিয়া রাখাই আপাতত আরিফ সাহেবের নিকট প্রধান চ্যালেঞ্জ হইয়া উঠিলো এবং প্রাণান্তকর চেষ্টার পরেও সে চেয়ারে বসিয়া ঘুমাইয়া পড়িলো। বার তিন চারেক হাঁক-ডাক দিয়া বক্তা তাহাকে উঠাইতে পারিলেন ঠিকই, কিন্তু তড়িঘড়ি করিয়া দাঁড়াইতে গিয়া তাহার চেয়ারসমেত খাতাপত্র সকল মেঝেতে লুটাইয়া পড়িলো। আতংকে তাহার গলা শুকাইয়া গেল ও এসির মধ্যেই সে ঘামিয়া উঠিলো। তাহার এইরূপ অবস্থা দেখিয়া বক্তা নিজেই আশ্বস্ত করিলেন যে, তাহাকে শোকজ দেওয়া হইবে না ।

বিকালের সেশনে আবার এসাইনমেন্ট জমা দিতে হইবে, তথাপি ঢুলুঢুলু চোখে আরিফ সাহেব যাইতেছিলেন উহা প্রিন্ট করিতে। লাইব্রেরি ভবনের দুইতলা পাড়ি দিয়া তৃতীয় তলায় উঠিতেই দেখিতে পাইলেন একখানা ছবির নিচে লেখা 'একটি শোকজ উৎসব'। দেখিয়াই তাহার বুকের ভিতরে কেমন যেন ছাঁৎ করিয়া উঠিলো, ঘুমের সকল রেশ কাটিয়া গেল আর মনে মনে ভাবিলো – এইখানে আবার শোকজের উৎসবও হয়! তাহার ঠিক বিশ্বাস হইলো না। চক্ষু মুছিয়া ভালো করিয়া তাকাইয়া দেখিলেন যে, সেইখানে আসলে একখানা মাছ ধরার ছবি টাঙানো এবং নিচে লেখা একটি লোকজ উৎসব। স্মিত হাসিয়া সে কম্পিউটার ল্যাবের সিঁড়ি ভাংগিতে লাগিলো আর ভাবিলো – কেবলতো মাত্র দ্বিতীয় সপ্তাহ চলে, আরো ছয়টি গোটা সপ্তাহ বাকি পড়িয়া রহিয়াছে!





সাঁওতাল সম্প্রদায়ের জীবনের বিচিত্রতা ও নান্দনিকতা



মোঃ নাজমুল হোসাইন
সাব-রেজিস্ট্রার
খোকসা, কুষ্টিয়া



'ওকা রেন চালা কানা?' রাস্তায় হাঁটতে হাঁটতে নির্মল হেমরম ফিলিপ টুডুকে জিজ্ঞাসা করল। রাস্তার পাশে দাঁড়িয়ে থাকা সুমন তাদের ভাষা বুঝতে না পেরে ফ্যাল ফ্যাল করে তাকিয়ে রইল। অবশেষে ঢাকাইয়া ছেলে সুমন জানতে পারলো এরা সাঁওতাল, আর তাদের ভাষা সাঁওতালি। এবার সুমন গুগলের সাহায্য নিয়ে জানতে পারলো সাঁওতালরা বাংলাদেশের উত্তরাঞ্চলে রাজশাহী এবং রংপুর বিভাগে বিশেষত অবস্থান করে। সময়ক্ষেপণ না করে সুমন এবার দিনাজপুর জেলার প্রত্যন্ত একটি সাঁওতাল অধ্যুষিত গ্রামে অনুসন্ধানে উদ্দেশ্যে যাত্রা করলো।



সেখানে গিয়ে দেখতে পেল সাঁওতাল নারী-পুরুষ সমানভাবে উপার্জনমূলক কাজে অংশগ্রহণ করেছে, এমনকি ধান চাষ, ফসল তোলার কাজও নারী পুরুষ একসাথেই করে, যদিও এরা পিতৃতান্ত্রিক নৃগোষ্ঠী। সাঁওতালদের গায়ের রং কালো, চুল কোকড়ানো, লম্বা ও সরু মাথা এবং এরা খুবই কর্মঠ। এদের ঘরগুলো সাধারণত ছোট এবং মাটির তরি এরা পরিষ্কার পরিচ্ছন্ন থাকতে ভালোবাসে, হাত দিয়ে আঁকানো দেওয়ালে বিভিন্ন প্রকারের আলপনা এদের ঘরগুলোকে দিয়েছে এক অপরূপ সৌন্দর্য। ভাত এদের প্রধান খাদ্য হলেও কাঁকড়া, শুকর, মুরগি, খরগোশের মাংস এদের প্রিয় খাবার। সুমন আগ্রহভরে খেয়াল করল, এদের মধ্যে কেউ কেউ লাঙ্গল, কেউবা বাঁশের তরি ডালি বানাচ্ছে। এদের বড় একটা অংশ অন্যের জমিতে দিনমজুর হিসেবে কাজ করলেও কিছু কিছু সাঁওতাল শিক্ষিত হয়ে সরকারি চাকরি করছেন। সাঁওতালি ভাষা তাদের নিজস্ব ভাষা। কিন্তু যখন তারা ভিন্ন কারো সাথে কথা বলে তখন বাংলা ভাষায় কথা বলে। সাঁওতাল বাচ্চারা সাধারণত জন্মের পর থেকেই উভয় ভাষা শিখে থাকে।

সাঁওতালরা খুব আনন্দপ্রিয় মানুষ। বিভিন্ন সামাজিক উৎসবে এরা নারী-পুরুষ নির্বিশেষে নাচে গানে মেতে ওঠে। মেয়েরা একই পোশাকে দলবদ্ধভাবে কোরাস গানে হাত দুলিয়ে দুলিয়ে নাচে। এরা নিজেরাই ঢোল, বাঁশি প্রভৃতি বাদ্যযন্ত্র তৈরি করে নিজেরাই বাজায়।


সুমন দেখল, সাঁওতালদের ঘাড়ে তীরধনুকসহ পশুপাখি শিকারের প্রবণতা প্রবল। তাদের একজনের সাথে কথা বলতেই ইলিয়াস হাসদা নামে অর্ধশিক্ষিত একজন বলে উঠলো, আমাদের রয়েছে নিজস্ব ইতিহাস। আজ থেকে প্রায় ১৫০ বছর আগে ৩০শে জুন ১৮৫৫, অত্যাচারী ব্রিটিশ শাসক ও শোষক জমিদার ও মহাজনদের বিরুদ্ধে আমরা গণআন্দোলন গড়ে তুলেছিলাম, এজন্যই তো ৩০ শে জুন সাঁওতাল বিদ্রোহ দিবস হিসেবে পরিচিত। বাংলাদেশ ছাড়াও ভারত ও নেপালে বহু সংখ্যক সাঁওতাল রয়েছে।

দীর্ঘ কথোপকথন অন্তে সুমন জানতে পারল 'ওকা রেন চালা কানা' -এর অর্থ তুমি কোথায় যাচ্ছ?

অবশেষে সুমনের অনুসন্ধিৎসু মন খুঁজে পেল সাঁওতাল সম্প্রদায়ের জীবনের বিচিত্র দিক। তারা যেমন দ্বিভাষিক, কর্মঠ, নারী-পুরুষের কর্মের সমতায় বিশ্বাসী; তেমনিভাবে তারা অত্যাচারীর বিরুদ্ধে সোচ্চারও বটে।

তাই সুজলা, সুফলা শস্য-শ্যামলার এই দেশে ক্ষুদ্র নৃগোষ্ঠী সাঁওতাল সম্প্রদায়ের জীবনের বিচিত্রতা মূলত এদেশের সৌন্দর্যকেই বৃদ্ধি করেছে।

কথনিকা



ইয়াসির আরাফাত
সাব-রেজিস্ট্রার
ফুলবাড়ি, কুড়িগ্রাম



রাজশাহী, পদ্মার তীরবর্তী একটি শহর। এই শহরেই জন্ম আমার। বর্তমান গণমাধ্যমের সুবাদে অনেকেই নব্বই দশকের সময়ের কথা সম্পর্কে জানতে পারছে। বিশেষ করে বর্তমানের নতুন প্রজন্ম। কিন্তু আমাদের বেড়ে ওঠা সেই বিটিভির সূচনা সংগীতে, আলিফ লায়লার জ্বীন-ভূতে, মিনা কার্টুনের রাজু, সিন্দাবাদের জাহাজ, রকিব হাসানের তিন গোয়েন্দা, মাসুদ রানা, চাচা চৌধুরীসহ আরও অনেকেই। আমরা খেলেছি গোল্লাছুট, কানামাছি, বরফ পানি, লুকোচুরি, ফুটবল, ক্রিকেট ব্যাডমিন্টন আরও কত কী। অন্যের পুকুরে চুরি করে মাছ ধরা, বৃষ্টির দিনে কাদাপানিতে ফুটবল খেলা, বিদ্যুৎ না থাকলে রাতে লুকোচুরি খেলা, টিফিনে স্কুল পালানো আবার পরের দিন স্যারদের বেতের মার খাওয়ার মত প্রজন্ম হিসেবে আমাদের বেড়ে ওঠা। জীবনের প্রতিটা মুহূর্তেই রয়েছে নানা স্মৃতিচারণ ও নানান রকমের গল্প। সেই সময় বছরের শেষের দিকে ভর্তি পরীক্ষা হতো।

রাজশাহী শহরের দুই নাম করা স্কুল গভঃ ল্যাবরেটরি স্কুল ও কলেজিয়েট স্কুল। সেই সময় দ্বিতীয় শ্রেণীতে পড়া ছেলেদের বাবা মায়েরা অনেকটা জোর করেই ভর্তি যুদ্ধে নামাতেন। শুধু ছেলে বলার কারণ হলো ওই স্কুল দুইটা ছিল ছেলেদের স্কুল। আমরা পড়তাম নিজাম স্যারের কাছে। সবার প্রথম পছন্দ গভঃ ল্যাবরেটরি স্কুল আমারও তাই কারণ বাড়ি থেকে কাছে। আরও একটা কারণ ছিল এলাকার বাঘা বাঘা ছাত্ররা সব ওই স্কুলেই পড়ে আর ভালো ভালো রেজাল্ট করে। বাবা মায়েরাও চায় আমার ছেলেও ওই স্কুলেই পড়বে এবং ভালো রেজাল্ট করবে। যথারীতি অনেক সকালের মধুর ঘুম নষ্ট করে, নিজাম স্যারের ঝারি হজম করে ও মা বাবার স্বপ্ন পূরণে যুদ্ধ প্রস্তুতি মানে পরীক্ষার প্রস্তুতি নিয়ে গেলাম পরীক্ষা দিতে। যথারীতি শুরু হলো পরীক্ষা। পরীক্ষা চলছে, পরীক্ষা চলছে। কিছুক্ষণ পর কেউ বলে পানি খাবো, বাইরে যাবো, কেউবা প্রকৃতির ডাকে সাড়া দিতে যাচ্ছে। সবার এহেন কর্মকাণ্ডে আমার মনেও উদয় হলো প্রকৃতির ডাকে সাড়া না দিলে কেমন হয়। যথারীতি গেলাম, কিন্তু ফেরার সময় ঘটলো বিপত্তি। যে রুমে আমার পরীক্ষার সিট আমি আর সেটা খুঁজে পাই না। এ রুম থেকে সে রুম যেখানে যাই একই রকম মনে হয়। একদিকে পরীক্ষা চলছে আর অন্যদিকে আমার পরীক্ষার রুম খোঁজা চলছে। যাহোক, কারো সহযোগিতায় খুঁজে পেলাম সে রুম। কিন্তু সময় তো আর বসে নেই আর যোদ্ধাদের কলম তো আর থেমে নেই। যথানিয়মেই পরীক্ষা শেষ হলো রেজাল্টও হলো কিন্তু তালিকায় আমার নাম নাই। আব্বা বিমর্ষ মুখে বাড়িতে আসলেন বাড়িতে থমথমে পরিস্থিতি, আম্মা বলে উঠলেন, অমুক বাড়ির তমুক ছেলে পরীক্ষার হলে বেঞ্চেই কাজটা সারছিল তাই ওই চান্সটা পাইছে আর তুই। সেদিন না বুঝলেও আজ বুঝি সবসময় প্রকৃতির ডাকে সাড়া দেওয়া ভালো না। যদিও পরে আমি কলেজিয়েট স্কুলে চান্স পেয়েছিলাম আর ওই জীবনটাই আমার জীবনের শ্রেষ্ঠ সময় ছিল।

আজ আমি সাব-রেজিস্ট্রার হিসেবে কর্মরত আছি। তারই সুবাদে লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে আমার প্রশিক্ষণ চলছে। ৯ নভেম্বর ২০২৩, বৃহস্পতিবার দুপুরে ক্লাসের পর আমার স্ত্রীর ফোন আসলো তার লেবার পেইন শুরু হয়েছে। এখানে যারা প্রশিক্ষণ করে বা করেছেন তারা জানেন ছুটি পাওয়া কতটা কঠিন। বৃহস্পতিবার ক্লাস শেষে দ্রুতই টিকিট কেটে রওনা দিলাম। পরদিন শুক্রবার সকালে আমরা সবাই মিশন হাসপাতাল রাজশাহীতে আমার স্ত্রী লেবার রুমে। অস্থির অপেক্ষা, হাঁটাচলা, এদিক-সেদিক। শুক্রবার জুম্মার আযানের কিছুক্ষণ পরেই আসলো সেই মাহেন্দ্রক্ষণ। প্রতিটা বাবারই প্রথমবার নিজের সন্তানকে দেখার মত বিষয়টা প্রকাশ করা অত্যন্ত দুরূহ যেমনটা নিশ্চয়ই হয়েছিল আমার বাবারও। আরিশ মুহাম্মাদ আমার সন্তান, আমাদের সন্তান। এই সন্তানের প্রতিটা মুহূর্তের বেড়ে ওঠা আমাকে শিহরিত করে। আমি শিহরিত হই আমার বাবা মায়ের কথা ভেবে কারণ এখন আমি দেখতে পাচ্ছি পৃথিবীর প্রতিটা বাবা মায়েরা কত কষ্ট, ত্যাগ, মায়া, মমতা ও ভালোবাসা দিয়ে আমাদের লালন পালন করে যাচ্ছেন। যদি বলি এটা বাবা মায়ের দায়িত্ব তাহলে এর থেকে বড় দায়িত্ব আর কি আছে। আর যদি বলি সন্তান ঋণী তাহলে এ ঋণ শোধ করার ক্ষমতা কোন সন্তানের আছে কী। এভাবেই চলছে প্রজন্মের পর প্রজন্ম, স্মৃতির পর স্মৃতি, গল্পের পর গল্প চলবে ততদিন যতদিন থাকবে এ বসুন্ধরা। এরই নাম ছুটে চলা, এরই নাম জীবন।



করনাকালীন উপলব্ধি



এম. এ. বাতেন
সাব-রেজিস্ট্রার
ঘিওর, মানিকগঞ্জ



রাত দুইটা বেজে সতেরো মিনিট, বহু কাঠখড় পুড়িয়ে কেবল বিছানায় পিঠ ছোয়ালাম! তাও এক হাতে চার বছরের মেয়ে ও অন্য হাতে দুই বছরের ছেলে ঘুমুচ্ছে। কেবলই ঘুমানো দুই শিশুর ঘুম হাল্কা হওয়ায় নিজে যে একটু আরাম করে গা এলিয়ে দিবো তার সুযোগ নাই। মুহূর্তেই ঘুম ভেঙে ট্যাঁএএ করে উঠবে, এতো পরিশ্রমের গুড়েবালি হবে তখন। তার চেয়ে কষ্ট হলেও নড়াচড়া না করে চুপচাপ শুয়ে থাকাই বুদ্ধিমানের কাজ হবে অন্তত ওদের ঘুমটা গাঢ় হওয়ার আগ পর্যন্ত। না হলে আজ রাতে আর কপালে ঘুম জুটবে না! এর মধ্যে মাথার উপরে ফ্যানের ক্যাচ ক্যাচ শব্দে মাথা ধরে যাচ্ছে। দিনের বেলায় শব্দটা এত বুঝা যায় না! চারপাশ নিরব হলেই তার তীব্রতা উপলব্ধি করা যায়। যাহোক, অন্যদিনের তুলনায় আজ একটু বেশি-ই টের পাচ্ছি! অন্যদিকে একটু পরপরই ভাড়ি ট্রাকের চাকা আর হাইড্রোলিক হর্নের বিকট শব্দ কানের পর্দা ভেদ করে মস্তিষ্কে আঘাত করছে!

হঠাৎ কি জানি কি হলো। রাস্তার মোড়ের কয়েকটা কুকুর সমস্বরে ঘেউঘেউ করে উঠলো। বেশ কিছুক্ষণ হলো ডেকেই চলেছে, থামার কোন লক্ষণই নাই! সমস্যাটা কি বুঝতে পারছি না। ইচ্ছে হচ্ছে জানালা দিয়ে উঁকি দেই কিন্তু উপায় নেই! আমার নড়নচড়ন কিছুক্ষণের জন্য বন্ধ আছে। জোরে শ্বাস নিতেই ভয় হচ্ছে আর সেখানে বিছানা ছেড়ে ওঠাতো রীতিমত অসম্ভব! আচ্ছা, জানিনা আর কেউ এটা ফেইস করেছেন কি না, বাচ্চাকাচ্চাকে ঘুম পাড়ানো যতটা না কঠিন তারচেয়ে হাজার গুণে কঠিন ঘুমন্ত অবস্থায় তাদের বিছানায় শোয়ানো! আমি এক প্রকার হিমসিম খাই এইক্ষেত্রে! ডান দিকে শোয়াবো নাকি বাম দিকে! শোয়ানোর পর মাথার নিচ থেকে হাতটা বের করবো কীভাবে! সবচেয়ে কঠিন পার্ট এটি। নব্বই ভাগ ক্ষেত্রেই আমার পিচ্চি দুইটা এসময় ট্যাঁএএএ করে ওঠে! যেদিন কোনো ঝামেলা ছাড়াই শোয়াতে পারি সেদিন নিজেকে খুব সাকসেসফুল মনে হয়!



নাহ! আর পারছিনা। উঠে গেলে যাক, বালিশে ওদের শোয়াতেই হবে! যা আছে কপালে! খুব কায়দা কসরত করে মেয়ের মাথার নিচ থেকে হাত বের করলাম। একটু পরে ছেলের। বাহ, আজকে প্রথম চেষ্টায় সফল, যদিও ছেলে উঠে যায় যায় অবস্থা; কিন্তু আর উঠেনি। কীভাবে পারে ওরা! সারাদিন একটুও রেস্ট না নিয়ে এত হইচই, এত হাঙ্গামা! আচ্ছা, আমরাও কি এমনই ছিলাম!

যাহোক, আমরা এমন ছিলাম কি না সে চিন্তা পরে হবে! খুব তৃষ্ণা পেয়েছে। বাথরুমেও যাওয়া দরকার। অনেকক্ষণ চেপে বসে আছি। দুই বিচ্ছু কিছুতেই আমাকে নড়তে দেবে না। এর মধ্যে মেয়ে ঘুমাবেও না। বসে আছে গালে হাত দিয়ে। ছেলেকে কোলে নিয়ে ঘুম পাড়াচ্ছি। মেয়েকে বললাম, ঘুমাও মা। সে জবাবে বলল 'আমি তো স্যাড, ড্যাএএড!' তাহলে কি তুমি এভাবে সারারাত বসে থাকবে? কনফিউজড একটা ভাব নিয়ে বলল, হ্যাঁ তো! রাত তখন কয়টা বলতে পারছি না। একটা তো হবেই! যাহোক, শেষ পর্যন্ত অসাধ্য সাধন করতে পেরেছি!


এর মধ্যে জরুরি কাজ শেষ করে জানালার পাশে চেয়ারটাতে বসলাম। চারপাশ এখন অনেক নিরব, রাত অনেক গভীর এজন্য বোধহয়। সারাদিনের হই-হুল্লোড় শেষে শরীরটা ভেঙে পড়ছে। চোখের কোন দিয়ে পানি পড়ছে, এতটাই ক্লান্ত। ঘুমাতে যে এনার্জিটুকু দরকার সেটিও মনে হচ্ছে নাই! আচ্ছা, মায়েরা কীভাবে এসব সামলায়! ওরা কি মানুষ নাকি অন্য কিছু! সকালে ঘুম থেকে উঠেই ডিউটি শুরু। প্রতিদিন একই রুটিন! কোনো নিস্তার নাই, ছুটি নাই! হায় আল্লাহ!

হঠাৎই 'এই আব্বুউউ বলে মেয়েটা কেঁদে উঠলো! সারছে! ছেলেটাকে ঘুম থেকে তুলে ফেলবে। তাহলে আমি শেষ! ওকে ঘুম পাড়ানো আর যুদ্ধজয় সমান কথা! লাফ দিয়ে উঠলাম বিছানায়। মেয়েকে বুকে জড়িয়ে নিলাম।

'তুমি আমাকে রেখে চলে গেছো কেনো? আমি স্ক্যায়ার্ড হবো তো!' কান্না জড়ানো কণ্ঠে মেয়ের প্রশ্ন। আমি যাইনি মামনি, তোমার পাশেই ছিলাম। ঘুমাও, আব্বু তোমার পাশে আছে! মেয়েটাও ক্লান্ত, ঘুমিয়ে পড়লো সাথে সাথেই।

নাহ! এভাবে হয় না! আমার দু'চোখ এক করার সুযোগ নাই, আর ওইদিকে পিচ্চিগুলোর মা পাশের রুমে নাক ডেকে ঘুমাচ্ছে। কেমন মা, কেমন বউরে বাবা! একটুও মায়াদয়া নাই! করোনা ভাইরাসের ঠ্যালায় ঘরে বসে আছি, এই সুযোগে ওদের মায়ের এক কথা, ঘর সামলাতে হবে আমাকে! আচ্ছা এইটা কোন কথা!





Funny Talks at BPATC (বিপিএটিসিতে রম্য রচনা)



আল-মাহমুদ
সাব-রেজিস্ট্রার
ফকিরহাট, বাগেরহাট



ঘটনা-১

Mr. Abul Basher (Speaker): Management should be from bottom to top not top to bottom. In an industry or garments if a worker's machine does not work.... Suppose ShakibÕs machine is not working.....

Participants: Hah ha hah..... (loudly)

ঘটনা-২

মি. রিয়াজুল (ট্রেইনার): প্রচুর ব্যায়াম করতে হবে, ওজন কমাতে হবে, ভূড়িকে বলতে হবে তোর খবর আছে। বিশেষ করে কোমড়ের জোর বাড়াতে হবে, বাসার জন্য।

ঘটনা-৩

মাহমুদ: সাকিম ভাই খুবই পরিপাটি থাকেন, ক্লাসে খুবই কম কথা বলেন এবং সুযোগ পেলেই ক্লাসে ঘুমান। তাকে দেখলে মনে হয় যেন স্যুট টাই পড়ে বেডে ঘুমাচ্ছেন।

ঘটনা-৪

Shaheenur sir (MDS): Mizan, tell Shovo that having all the models why projects of Bangladesh are not working.

Mizan: The answer that I know, you know, all know same same.

ঘটনা-৫

আতিকুল্লাহ জামান (ট্রেইনার): মাথাটা পিছনে নিয়ে আসব, সকালের আকাশটা দেখব, বেশি বাঁকা হবেন না, ভেঙ্গে যেতে পারে।

ঘটনা-৬

মি. সোহেল: সাকিম জগিং ট্র্যাকে শুরু থেকে শেষ পর্যন্ত একই গতিতে দৌড়ায়, ও কখনো গতি কমায় না আবার বাড়ায়ও না।

মি. শুভ: ঠিকই বলেছেন ভাই। সাকিম ভাইয়ের গতি দেখলে মনে হয় সিএনজি বডিতে ট্রাকের ইঞ্জিন।

ঘটনা-৭

মি. বাতেন: নাটকের হেলিকপ্টার চরিত্রের জন্য বেলাল খুবই পারফেক্ট ছিলো কিন্তু কেন যে ও এই চরিত্রটা করতে চাচ্ছে না বুঝলাম না!

মি. শুভ: বেলাল ভাই তার ইজ্জত নিয়ে খুব টেনশনে আছেন!!

ঘটনা-৮

মি . বেলাল: এনাম ভাই বলেছেন আপনাদের ব্যাচ গান-বাজনা পারেন না। অন্য ব্যাচেরা অনেক গান-বাজনা করতো।

মি. মাহবুব: ঠিকই তো বলেছেন উনি, আপনারা গাজা-টাজা খান না, গান-বাজনা পারবেন কীভাবে।





বঙ্গবন্ধু

পলাশ তালুকদার
সাব-রেজিস্ট্রার
মেলান্দহ, জামালপুর

যোগ্য নেতা, যোগ্য পিতা
দিয়েছো নির্দেশ
এসেছে স্বাধীন দেশ।
পেরিয়েছি কত বলিদান,
যুদ্ধ আর সংগ্রাম
বাঙালি তবুও ভোলেনি
শত সংগ্রামে নিতে তোমার নাম!
উপেক্ষা করিয়া হায়েনার রক্ত চোখ,
আনিয়াছো তুমি স্বাধীনতার সুখ।
স্বাধীন দেশে করলে যখন প্রথম পদার্পণ-
নিশ্চিত করিব সাম্য, ন্যায়বিচার সামষ্টিক উন্নয়ন।

রক্ষা করিব
স্বাধীনতা, স্বার্বভৌমত্ব,
এই হলো বাঙালির পণ।
হৃদয়ে লালন করিয়াছো স্বপন।
ন্যায় বিচার আর সমাজতন্ত্র সংবিধানে হইলে যুক্ত
তোমার বাঙালি হবে সাম্প্রদায়িকতা আর কূপমণ্ডুকতামুক্ত।
তুমি দিয়াছো শান্তি উন্নয়ন আর মুক্তির মূলমন্ত্র,
হায়েনার দল নিভৃতে তবুও করেছে ষড়যন্ত্র।
তাই তো আগস্টের সেই শোকে
আজও হাহাকার তোমার বাঙালির বুকে।





অনবদ্য বাংলা

শহিদুল ইসলাম
সাব-রেজিস্ট্রার
টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ

সহস্র বছরের পথ পেড়িয়ে আজিকের এই বাংলাদেশ
সুজলা সুফলা শস্য শ্যামলা রূপের যে তার নেইকো শেষ।
মৌর্য-গুপ্ত পাল-সেনরা বাংলা করে গেছেন শাসন
এসেছেন আরব-তুর্কি-আফগান নিয়েছেন তারা রাজ সিংহাসন
ফা হিয়েন হিউয়েন সাং ইবনে বতুতা আসিয়াছেন বাংলা ভূমিতে
মুগ্ধ হয়েছেন; তুষ্ট হয়েছেন তারা; গেঁথে গেছেন সবই স্মৃতির ঝুলিতে
পদ্মা মেঘনা যমুনা সুরমা আরও প্রবাহিত শত জলধারা
ফলিছে শস্য অবারিত; অসীম আনন্দে জুড়ায়ে নেত্রজোড়া
দোয়েল কোয়েল ঘুঘু শ্যামা রচিয়াছে কতোইনা সুর
বসন্ত বন্দনায় মাতিয়েছে কোকিল; কর্ণে বাজে বড় সুমধুর
দামাল কিশোর চলিছে মাঠে কণ্ঠে ধরিছে নানান গান
উড়িছে বক চিল-সারস চিত্তে দোলা দিয়ে যায় অম্লান
কত শাসকের শাসনে এই বাংলা হয়েছে শাসিত
কত দুর্যোগ দুর্বিপাকে এই বাংলা হয়েছে আলোড়িত
শাসনের নামে হয়েছে শোষণ ন্যায় বিচারের নামে অবিচার
মাথা নত করেনি বাঙালি জাগিয়া উঠিছে শতবার
বন্যা খরা জলোচ্ছ্বাস মোদের নিত্য সাথী
করি নিরন্তর সংগ্রাম লড়াই মোরা অদম্য এক জাতি
ষড়ঋতুর মায়াবী সাজে সাজিয়াছে এই দেশ
ধ্বনিছে হৃদয়ে নানা সুর ঘিরে থাকে এক অনিন্দ আবেশ
কৃষ্ণচূড়া শিমুল পলাশ ফুটেছে বসন্তের মহা উচ্ছ্বাসে
কদম্বতরু হাসিছে বর্ষায় শরৎ হাসে কাশবনের উল্লাসে
কত না ফসল ফলায় কৃষাণ হেমন্ত নগরে
বৃক্ষরাজি রিক্ত শীতে; জাগরিত বসন্ত জাগরণে।
কামার-কুমোর চাষী-জেলে গড়েছে এই দেশটা
সুখ শান্তির এক আধার হউক এই মোদের প্রচেষ্টা
মিলেমিশে মোরা থাকি সদা; এই আমাদের কৃষ্টি
থাকিবো একতাবদ্ধ আসুক যত ঝড় বৃষ্টি
বাংলা মায়ের মায়ার টানে লাখো লাখো বীর সেনানি
দিয়েছে জীবন বরিছে মরণ মুছিতে পরাধীনতার গ্লানি
কবির কাব্যে শিল্পীর গানে রয়েছে বাংলা বন্দনা
দেশপ্রেমের দীপ্ত শপথে মুক্তিসেনারা করিছে স্বাধীনতা রচনা
রবীন্দ্রনাথ জীবনানন্দ নজরুল আরো শত কবির জাদুর তুলি
অঙ্কিত হয়েছে বাংলার সংগ্রাম আর বাঙালির বিসর্জনের গাঁথাগুলি
বাংলা মোদের নিত্য আবেগ অস্তিত্বের পরশ অবলম্বন
এই বাংলার কোমল বুকেই হয় যেন মোদের অন্তিম যাত্রায় গমন





New Sun, New Hope

Md. Miraj Morsed Milon
Sub-registrar
Saghata, Gaibandha

There goes the night-owl, arcane poet of soul.
It sounds it tells when we sleep,
sometimes regret, sometimes weep.

None could decipher its speech!
Once i myself keep my ears over its voice.
It reminds the irrecoverable time.
It tells, "A new sun will rise
like a full-bloomed sunflower.
Won't you welcome it whatever?"





আমি স্বপ্ন দেখি

মোঃ মোরশেদ আলম
সাব-রেজিস্ট্রার, উখিয়া, কক্সবাজার

আমি স্বপ্ন দেখি স্নিগ্ধ সকালে ঘুম থেকে জেগে,
তোমার এলো চুল ঠিক করে দেওয়ার।
আমি স্বপ্ন দেখি তোমার দীঘল কালোকেশে,
বেলীফুল জড়িয়ে দিয়ে তার ঘ্রাণে মাতাল হওয়ার।
তারপর কোনো এক ঝড়ো রাতের মুখরতা,
যেখানে আমি হই তোমার নির্ভরতা।
আমি স্বপ্ন দেখি কোনো এক নির্জন কাশবনে,
তোমার হাত ধরে হেঁটে যাই দূর বহুদূর।
আমি স্বপ্ন দেখি আধো রাতে ঘুম ভেঙে,
তোমার হাতে হাত রেখে অগুণতি তারা গোণার।
তারপর কোনো এক বর্ষণমুখর সন্ধ্যায়,
হিজল ফুলের মালা গেঁথে পরিয়ে দেই তোমার ওই রাজহংসী গলায়।
আমি স্বপ্ন দেখি শাল মহুয়ার বনে,
তোমার সাথে জোছনা দেখার।
আমি স্বপ্ন দেখি তোমার কপোলে হাত রেখে,
স্বর্গ সুখ অনুভব করার।
তারপর কোনো এক আনমনা বিকেলে,
তোমার মাদকতায় হারিয়ে যাওয়ার।
বলো, হবে কি আমার স্বপ্ন?





ধূসর ডায়েরি

এম. এ. বাতেন
সাব-রেজিস্ট্রার
ঘিওর, মানিকগঞ্জ

একটা ডায়েরি ছিল আমার, ধূসর;
আজ হাতে নিয়ে দেখি পাতায় পাতায় পাহাড় জমেছে
চূড়োয় মেঘ বিস্তর। ঘন ঝোপের আড়ালে
ফিসফিস গল্প, নিঃশ্বাসে ভারী প্রান্তর,
একটা ঝর্নাকে দেখছি ফুলে ফেঁপে জলপ্রপাত,
তৎক্ষণাৎ; বাতাসে কুয়াশা ভাসছে।

পাতা ওল্টাতে থাকি, থরে থরে সাজানো জীবন
পাহাড়ের অন্ধকার ভাঁজে ভাঁজে
বেদনার করুণ সুর বাজে, নিয়তির পরোয়া নেই
সকল অপ্রাপ্তি শেষে নিজেকেই দোষ দেই
যা করেছি আজ সবই দেখি ভুল
গাছে গাছে ফুটেছে ঝঁঝাট, ভেবেছিলাম যা ফুল ।

পাতা ওল্টাতে দেখি চিরযৌবনা সে নদী
গতি নেই প্রাণ নেই, শ্যাওলায় ছাওয়া
দিক বিহীন ঠিকানা বিহীন,
শুধুই বৈঠা বাওয়া।
কয়েক পাতা পরেই দেখি
গোধূলি ছড়িয়েছে আকাশে
সাধের জীবনে সাঁঝ নেমেছে,
সময় হয়েছে যাওয়ার
হাজারো পাতা অপূর্ণই থেকে গেলো,
অথচ কত কী ছিলো পাওয়ার!







ডরমিটরির রুম ৬৩৭, নাগরিক জীবন

ডা: মোঃ সোহেল রানা
সাব-রেজিস্ট্রার, রাজৈর, মাদারীপুর

ডরমিটরিতে স্বপ্নের সাথে কবিতা,
যেন একটি ছোট্ট বাসা, মিলে সবাই একসাথে।

প্রতিটি কক্ষে এক একটি ছবির সাথে কিছু বৃষ্টি,
উজ্জ্বল আলোর স্পর্শে ভরা নতুন কিছু মুহূর্ত।

রুম নং ৬৩৭
রুমের প্রতিটি কোণায়, অভ্যন্তরে ছুটে উঠে
বিছানার ছায়া।

আর এদিকে
শহরে রঙিন আকাশ,
বৃষ্টিরও রেখা মেলে তার বাসা
এখানে পাখিরা গায় না গান

আলোরা এখানে সত্যিই সুন্দরী....
ফুলের রঙ হাসে,
রোদেরা মেঘের ছায়ায় স্বপ্ন বুনে
স্বচ্ছ নদীর ধারায় মিশে।

নাগরিক জীবন, শহরের ঢাকে বিস্তৃত পাথরে।
ধূপের রেখা,
হাঁটতে হাঁটতে চলা,
জলের ধারা,
ভেসে যায় সকল আত্মা, এক কাল পরিক্রমায়।
বাজারের ওলিতে গলিতে, সোকার ধূসর নীল,
নাগরিক জীবনে প্রতিটি মুহূর্ত হয় বর্ণিল।

গাঁধরাজের হাওয়ায় ছুটে
সারা শহর জাগো,
রাতের অজানা অন্ধকার রোদ,
নাগরিক জীবনে এক সোনালি স্বপ্নের আবাস।

প্রশিক্ষণের পথে, এক সীমিত যাত্রা
প্রবাহিত জ্ঞানের সাগরে, অজানা রাস্তা।
জ্ঞানেরা হো হো করে হাসে
শিক্ষকের শব্দে..... হৃদয় আলোকিত হয়।
শিক্ষার রং, ছবি করে হৃদয়ের কাছে
প্রতিটি পদক্ষেপে আসে আগামী দিনের স্বপ্নে।
প্রশিক্ষণ পূর্ণ হয়, একটি আধুনিক বিশ্ব বিনির্মাণে।

Photo Gallery


WELCOME
TO
PATC


Chief Guest
Course Director




শ্রদ্ধাঞ্জলি




পুলিশ









































Bangladesh Public Administration Training Centre
বাংলাদেশ লোক-প্রশাসন প্র


SITE SAFETY




Bangladesh Public Administ
Friendly Volleyball Match
& Prize Giving Ceremony
দেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র






04
05
01
02
03
03
02
01



ART GALLERY





মাহবুবা মনির মিশু
সাব-রেজিস্ট্রার, কুমারখালী, কুষ্টিয়া









মোঃ বেলাল হোসেন
সাব-রেজিস্ট্রার, ভাঙ্গা, ফরিদপুর

HOME OF
PROFESSIONALS



BANGLADESH PUBLIC ADMINISTRATION TRAINING CENTRE

Savar, Dhaka